যুগান্তর

তারিখ ... 12 JAN 2017 ...
পৃষ্ঠা ... কলাম ...

পাঠ্যপুস্তক সাম্প্রদায়িকীকরণের প্রতিবাদ

# প্রগতিশীল সংগঠনগুলোর বিক্ষুব্ধ অবস্থান ১৫ জানুয়ারি

**সাংস্কৃতিক রিপোর্টার**

পাঠ্যপুস্তকে সাম্প্রদায়িক ও ধর্মীয় বৈষম্যমূলক বিষয় অন্তর্ভুক্তি, দেশের গুরুত্বপূর্ণ ও প্রগতিশীল লেখকদের লেখা বাদ দেয়াসহ নানা অসঙ্গতির প্রতিবাদে ১৫ জানুয়ারি রোববার জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) সামনে বিক্ষুব্ধ অবস্থান সমাবেশ করবে প্রগতিশীল গণসংগঠনগুলো। ওইদিন বেলা ১১টায় এ সমাবেশ শুরু হবে। একই দিন দেশের প্রতিটি জেলায় শিক্ষা অফিসারের কার্যালয়ের সামনে বিক্ষুব্ধ অবস্থান সমাবেশ পালন করা হবে।

বুধবার সকালে রাজধানীর সেগুনবাগিচায় ঢাকা রিপোর্টার্স ইউনিটির গোলটেবিল মিলনায়তনে এক সংবাদ সম্মেলনে এসব কর্মসূচি ঘোষণা করা হয়। প্রগতিশীল গণসংগঠনগুলোর ব্যানারে আয়োজিত সংবাদ সম্মেলনে সভাপতিত্ব করেন বাংলাদেশ উদীচী শিল্পীগোষ্ঠীর সভাপতি অধ্যাপক ড. সফিউদ্দিন আহমদ। সংগঠনগুলোর পক্ষে লিখিত বক্তব্য উপস্থাপন করেন উদীচী কেন্দ্রীয় সংসদের সাধারণ সম্পাদক জামসেদ আনোয়ার তপন।